বরিশালে শিশুকে ধর্ষণের পর হত্যার দায়ে যুবককে যাবজ্জীবন কারাদণ্ড

written by Chandradip News24 | January 15, 2024

বরিশাল অফিস :: ‘বরিশাল সদর উপজেলায় নগরীর ৫ নং পলাশপুরে শিশুকে ধর্ষণের পর হত্যার দায়ে ১ যুবককে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত।’পাশাপাশি ৫০ হাজার টাকা জরিমানা করা হয়’।

সোমবার (১৫ জানুয়ারী) দুপুরে বরিশাল নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মো. ইয়ারব হোসেন আসামির উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন বলে জানিয়েছেন আদালতের বেঞ্চ সহকারী মো. হুমায়ুন কবির।

হুমায়ুন বলেন,’২০১৩ সালের ২৩ অগাস্ট ১৩ বছর বয়সি শিশুটি ঘরে একা ছিল। এ সুযোগে প্রতিবেশী রাসেল শিশুটিকে প্রথমে ধর্ষণ করেন।’পরে তাকে শ্বাসরোধ করে হত্যা করে গলায় ওড়না পেঁচিয়ে আরেক শিশুর সহযোগিতায় ঘরের পেছনে আড়ার সঙ্গে ঝুলিয়ে রাখেন।’

‘ঘটনার কিছুক্ষণ পর শিশুটির মা ঘরে এলে রাসেল ও তার সহযোগীকে পালিয়ে যেতে দেখেন বলে জানান তিনি।’ঘটনার পরদিন ২৪ অগাস্ট

শিশুটির বাবা বাদী হয়ে কাউনিয়া থানায় মামলা করেন’।

হুমায়ুন আরও জানান,’২০১৪ সালের ৩০ জানুয়ারি তৎকালীন কাউনিয়া থানার এসআই কামাল হোসেন দুইজনকে আসামি করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন’।

দণ্ডিত আসামী রাসেল (৩২) নগরীর ৫ নম্বর ওয়ার্ড পলাশপুরের ৮ নম্বর গুচ্ছগ্রামের বাসিন্দা।